

## বোর্ডে মেয়েদের কৃতিত্ব বেশী এসএসসি পরীক্ষার মেধা তালিকায় রাজশাহী এবার শীর্ষে

রাজশাহী অফিস : রাজশাহী শিক্ষা বোর্ডের ১৯৯৬ সনের এসএসসি পরীক্ষার ফলাফলে সম্মিলিত মেধা তালিকায় এবারও রাজশাহী শীর্ষে অবস্থান অর্জন করেছে। বিজ্ঞান গ্রুপে সম্মিলিত মেধা তালিকার কুড়িটি স্থানের মধ্যে রাজশাহী অর্জন করেছে ১০টি। অপরদিকে সমাজ বিজ্ঞান গ্রুপে সম্মিলিত মেধা তালিকায় ২০ জনের মধ্যে রাজশাহী পাঁচটি স্থান রয়েছে। উভয় গ্রুপে ৪০টি স্থানের মধ্যে রাজশাহীর অর্জন ১৫টি।

বিজ্ঞান গ্রুপ থেকে সম্মিলিত মেধা তালিকায় যেসব কৃতি ছাত্রের সুবাদে রাজশাহীর স্থান দখল করেছে সেইসব স্কুল ও মেধাবী ছাত্রের নাম হলো : মোঃ মুহিদ-উল-হাসান, প্রাপ্ত নম্বর ৯৩২, রাজশাহী ক্যাডেট কলেজ, মোঃ আবুজার গাফফার, প্রাপ্ত নম্বর ৯২৭, রাজশাহী গভঃ ল্যাবরেটরী, সাহিদ কামাল হোসেন, প্রাপ্ত নম্বর ৯২২, রাজশাহী ক্যাডেট কলেজ, মোঃ ইমতাজুল ইসলাম, প্রাপ্ত নম্বর ৯২১, রাজশাহী কলেজিয়েট স্কুল, মোঃ শহিদ-উল-ইসলাম খান, প্রাপ্ত নম্বর ৯১৬, রাজশাহী গভঃ ল্যাবরেটরী, মোঃ রেজাউল করিম, প্রাপ্ত নম্বর ৯১৩, রাজশাহী ক্যাডেট কলেজ, মোঃ গোলাম কিবরিয়া, প্রাপ্ত নম্বর ৯১১, রাজশাহী কলেজিয়েট স্কুল,

মোঃ আকিমুল ইসলাম, প্রাপ্ত নম্বর ৯১১, রাজশাহী ক্যাডেট কলেজ, মোঃ শহিদুল ইসলাম, প্রাপ্ত নম্বর ৯১০, রাজশাহী গভঃ ল্যাবরেটরী, এবং শাহিদ নূর চৌধুরী, প্রাপ্ত নম্বর ৯০৮, রাজশাহী ক্যাডেট কলেজ।

সমাজ বিজ্ঞান গ্রুপে সম্মিলিত মেধা তালিকা পাঁচটি স্থান দখলকারীরা হলো শীলা সরকার প্রাপ্ত নম্বর ৮৭৭, গভঃ পিএন গার্লস স্কুল, নুরুজ্জামান মাহমুদ তানভির, প্রাপ্ত নম্বর ৮৪৫, রাজশাহী ক্যাডেট কলেজ, হাসান মুরতোজা মাসুম, প্রাপ্ত নম্বর ৮৩৪, রাজশাহী কলেজিয়েট স্কুল, গালিব মোঃ নাতিকুর রহমান, প্রাপ্ত নম্বর ৮১৮, রাজশাহী ক্যাডেট কলেজ এবং রেজওয়ানা-বিনতে আসির, প্রাপ্ত নম্বর ৮০৬, গভঃ পিএন গার্লস হাই স্কুল।

তবে রাজশাহী বোর্ডের এবারের এসএসসি পরীক্ষার ফলেফলে মেয়েরা ছেলেদের চেয়ে বেশী কৃতিত্বের স্বাক্ষর রেখেছে।

পরীক্ষার ফলাফলে দেখা গেছে সাধারণ বিজ্ঞান বিভাগে এবারে ছাত্রীদের পাসের হার যেখানে ৬৮ দশমিক ৯২ ভাগ, সেখানে ছাত্রদের পাসের হার ৬৪ দশমিক ২৪ ভাগ।